স্পোটিং ক্লাবটির সক্রিয় প্রতিষ্ঠিতা সদস্য। এই ক্লাবটি প্রতিষ্ঠিত হওয়ার পর পুরাতন ঢাকা বাসিদের খেলাধুল-ার সুযোগ সৃষ্টি হয়। পরবর্তীতে এই ক্লাবটি বাঃ ফুঃ ফেঃ খেলার সুযোগ পান। বর্তমানে এই ক্লাবটি অনেক প্রসার লাভ করেন। উক্ত ক্লাবটির উন্নয়ন এর ক্ষেত্রে আমাদের সমিতির সদস্যবৃন্দ বিভিন্ন ভাবে বিভিন্ন সময় সাহায্য ও সহযোগিতা করেছেন। তাছাড়া আমাদের সমিতির সাবেক সাধারণ সম্পাদক মরহুম আনোয়ার হোসেন দীর্ঘ কয়েক বৎসর উক্ত ক্লাবটির কোষাধ্যক্ষ পদে অধিষ্ঠিত ছিলেন। এছাড়া আমাদের সমিতির বর্তমান সাধারণ সম্পাদক হাজী মোঃ আসলাম উক্ত ক্লাবটির সভাপতি পদে অধিষ্ঠিত আছেন, উপরন্ত আমাদের সমিতির অনেক সাধারণ সদস্য উক্ত ক্লাবটির আজীবন সদস্য হিসাবে এখনও বিদ্যমান আছেন। আমি এই ফরাশগঞ্জ স্পোটিং ক্লাবটির আরও উন্নয়ন কামনা করি। ঐতিহ্যবাহী বুড়ীগংঙ্গা নদী ও লালকুঠির প্বাশেই এই ক্লাবটি স্থাপিত হয়েছে।দেশের মটর পার্টস ও টায়ার টিউব ঢাকা এবং চট্টগ্রামের ব্যবসায়ীবৃন্দ এই সময় বুঝতে পারলেন, ব্যবসায়ীদের মধ্যে ঐক্য ও সংহতি বজায় রাখতে এবং তাদের সামগ্রিক স্বার্থ সংরক্ষনে একটি জাতীয় ভিত্তিক সংগঠন প্রতিষ্ঠা করা

দরকার ও প্রয়োজন। একাজে এগিয়ে এলেন সে সময়কার কয়েকজন ব্যবসায়ী সেই সময় আমিও উনাদের সাথে ছিলাম। সেই সময় এই সংগঠন প্রতিষ্ঠা করতে যাদের অগ্রনি ভুমিকা ছিলেন, তাদের মধ্যে কয়েকজন ছিলেন অন্যতম উনারা হলেন; মাসুদ এন্ড কোম্পানী চট্টগ্রাম জনাব মোঃ মাসুদ, হোসেন মটরস চট্টগ্রাম জনাব তোফাজ্জল হোসেন, খান মটরস ঢাকা জনাব মোঃ সামসুদ্দীন খান, ন্যাশনাল মটরস ঢাকা জনাব মোঃ সালাহউদ্দীন, নাজিম ব্রাদার্স ঢাকা জনাব মোঃ নাজিম উদ্দীন। সংগঠনটি প্রতিষ্ঠা করার প্রারম্ভে সংগঠনটির জন্য একটি সংবিধান তৈরী করার প্রয়োজন



দেখা দেয়, সেই সময় ব্যবসায়ীরা এই সংবিধানটি প্রস্তুত করতে আমার উপর দায়িত্ব অর্পন করেন। পরবর্তীতে আমার অক্লান্ত পরিশ্রম এবং ব্যবসায়ীদের সহযোগিতায় আমি নিজে সংবিধানটি প্রস্তুত করি। সেই সময়কার ব্যবসায়ীদের বিজ্ঞ জনোচিত সিদ্ধান্ত ও অক্লান্ত পরিশ্রমের ফলে ২৫ শে সেপ্টেম্বর ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত হলো "বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি"। এই সমিতির আমি একজন প্রতিষ্ঠাতা সদস্য। সমিতির প্রতিষ্ঠায় বাণিজ্য মন্ত্রনালয়ের লাইসেন্স নম্বর (১১) এগার। আমাদের সমিতি বাংলাদেশে প্রতিষ্ঠিত সমিতি গুলোর অন্যতম, যাদের অবদানে সমিতি প্রতিষ্ঠিত হয়েছিল তাদের মধ্যে প্রায় ৯৯% আজ পরলোকবাসী। সমিতির প্রতিষ্ঠিত সদস্যদের মধ্যে শুধু আমি বেঁচে আছি। আমার বয়স এখন ৭৬ চলমান। আমরা কৃতজ্ঞ চিত্তে তাদের মহৎ অবদানের কথা স্মরণ করি। তারা আজ নেই, কিন্তু সমিতি আছে থাকবে। সমিতির কর্মকান্ডের সফলতার মধ্যেই তারা চিরদিন আমাদের মধ্যে বেঁচে থাকবেন। আল্লাহর কাছে তাদের বিদেহী আত্মার শান্তি কামনা করি।সমিতি প্রতিষ্ঠিত হওয়ার ৫০ বছরে অন্যান্য ব্যবসার মতো মটর পার্টস, টায়ার টিউব ও লুব্রিকেন্ট ব্যবসার পরিমান ও ব্যবসায়ীর সংখ্যা বহুগুন বেড়েছে। নর্থ ব্রুক হল রোড ও ভিক্টোরিয়া পার্ক ছাড়িয়ে নগরীর আরও বেশ কয়েকটি স্থানে সুবিশাল মটর পার্টস ব্যবসা গড়ে উঠেছে। চট্টগ্রাম, যশোর, টাঙ্গাইল,বগুড়া, ময়মনসিংহ, সিলেট ইত্যাদি এলাকায় প্রচুর মটর পার্টস, টায়ার টিউব ও লুব্রিকেন্টস ব্যবসা প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে। সমিতির প্রতিষ্ঠা লগ্নে ঢাকা এবং চট্টগ্রাম সহ এর সদস্য সংখ্যা ছিল ৬০/৭০ জন। দেশে মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসা প্রসারের সাথে তাল মিলিয়ে সমিতির কার্যক্রম বাংলাদেশে প্রসারিত হয়েছে। একটি জাতীয় ভিত্তিক সমিতি রুপে সমিতি আজ সুপ্রতিষ্ঠিত। ইতিমধ্যেই চট্টগ্রাম, যশোর, টাঙ্গাইল,বগুড়া, ময়মনসিংহ, সিলেট ও অন্যান্য এলাকায় বিভিন্ন সার্কেল/ ইউনিট প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশে মটর পার্টস, টায়ার টিউব ও লুব্রিকেন্টস ব্যবসায়ীরা সুফল সমান ভাগে ভোগ করেছেন। সংশ্লিষ্ট ব্যবসায়ীদের মাঝে আজ সমিতি সংহতি ও আস্থার প্রতীক হিসাবে পরিগণিত হয়েছে। প্রতিষ্ঠার পর হতে সব সময় সমিতির কেন্দ্র সহ সকল সার্কেল/ইউনিট সুযোগ্য নেতৃত্বে পরিচালিত হওয়ায় এই সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে। বর্তমানে সমিতির সদস্য সংখ্যা বহুগুন বৃদ্ধি পেয়েছে। সমিতি হলো আমাদের একটি পরিবার। সমিতির ছাতার নিচে সকল সদস্যগন অবস্থান করছেন।

সমিতির প্রবৃদ্ধি ও এর কার্যক্রম বাংলাদেশে বিস্তারের পাশাপাশি ইতিমধ্যে সন্ত্রাস প্রতিরোধ সদস্য ব্যবসায়ীদের ন্যায্য স্বার্থ আদায় ইত্যাদি সহ নানা সাফল্য সমিতির মাধ্যমে অর্জিত হয়েছে। আমার স্মরণ পড়ে ইংরেজী ১৯৮৭ সন তখন জনাব বজলুর রহমান সিকদার সমিতির সভাপতি আলহাজ্ব সামসুদ্দীন খান সাধারণ সম্পাদক। নর্থ ব্রুক হল রোডের মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী ভাইদের চাঁদাবাজদের চাঁদা বাজিতে

অতীষ্ট প্রতিটি দোকানি। প্রতিটি দোকানে দোকানে চাঁদাবজী না করার জন্য নিষেধ ও প্রতিরোধ করতে গিয়ে স্বীয় ব্যবসা প্রতিষ্ঠানে ব্যবসা পরিচালনা করার সময় চাঁদাবাজ মাস্তানরা আলহাজ্ব সামসুদ্দীন খান সাহেবকে লক্ষ করে গুলি করে। পরম করুনাময় মহান আল্লাহর রহমতে গুলি লক্ষভ্রষ্ট হয়ে তিনি প্রাণে বেঁচে যান। কিন্তু উনার প্রাণপ্রিয় পুত্র সাজাউদ্দীন খান (রাজা) এর পায়ে গুলি বিদ্ধ হন। পিতার সম্মুখে পুত্রের এই পরিণতি দেখে শোককে শক্তিতে পরিণত করে ব্যবসায়ী ভাইদের পাশে দাড়িয়ে উনার সুযোগ্য নেতৃত্বে তৎকালিন সিনিয়র সহ-সভাপতি জনাব আনিসুর রহমান, আলহাজ্ব মহিউদ্দীন আহমেদ, আলহাজ্ব আনোয়ার হোসেন, জনাব মোঃ আলতাফ হোসেন, মোঃ খলিলুর রহমান, হাজী বদিউজ্জামান, প্রাক্তন সভাপতি কাজী বজলুর রহমান (চট্টগ্রাম), মোঃ আরশাদ, হাজী মোবারক আলী, মোখলেছ উদ্দীন আহাম্মদ, বাবু গোপাল চন্দ্র রায়, মোঃ মুজাহিদ, আবুল কাশেম মাঝি, মোঃ নূরউদ্দীন, মোঃ নাজিম উদ্দীন স্বয়ং আব্দুল মজিদ প্রমুখ, যাদের নাম আজ আমার স্মৃতিতে নেই তথা নর্থ ব্রুক হল রোডের প্রবীণ এবং নবীণ ব্যবসায়ীদের সঙ্গে নিয়ে জনাব সামসুউদ্দীন সাহেব দূর্বার আন্দোলন গড়ে তুলেন। এই আন্দোলনের সময় বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমাজ এবং পুরাতন ঢাকার বিভিন্ন ব্যবসায়ী সমিতি গুলো আমাদের এই আন্দোলনকে বেগবান করার জন্য উনাদের সাহায্য ও সহযোগিতা প্রদান করেন। সারা বাংলাদেশে মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসা বন্ধ হয়ে যায় এই সময় সাংবাদিক সম্মেলন ডেকে সমিতির পক্ষ থেকে সরকারের কাছে বিভিন্ন দাবী দাওয়া তুলে ধরেন। মটর পার্টস দোকান গুলি বন্ধ হয়ে যাওয়ার পর পরিবহণ ক্ষেত্রে অচলতাবস্থার সৃষ্টি হয়। পর্য্যায়ক্রমে প্রয়োজনীয় মটর যন্ত্রাংশের অভাবে বাংলাদেশে বিভিন্ন পরিবহণ বন্ধ হয়ে যায়। প্রায় ২৭ দিন বাংলাদেশের মটর পার্টস দোকানগুলি বন্ধ থাকায় দেশের অচলাবস্থার সৃষ্টি হয়। এই দূর্বার আন্দোলনে তৎকালিন সরকার দাবী নামা মেনে নিতে বাধ্য হন। প্রকৃত পক্ষে আমাদের সমিতি সবার কাছে একটি রোল মডেল হিসাবে বিবেচিত হয়।



এই সমিতির একটি অনন্য বৈশিষ্ট হচ্ছে এটি একটি অরাজনৈতিক এবং জনকল্যানমূলক সমিতি। ১৯৯৮ইং এবং ২০০৪ইং সালের ভয়াবহ বন্যায় আক্রন্ত শরনার্থীদের সমিতির পক্ষ হতে ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল ও বাংলাবাজার সরকারি গার্লস স্কুলে ত্রাণ বিতরণ করা হয়। এ ছাড়া প্রতিবছর সমিতির পক্ষ হতে যাকাত বিতরণ, শীতবস্ত্র প্রদান, দুস্থদের সাহায্যার্থে ফান্ড প্রদান ইত্যাদি সমাজ কল্যাণমূলক কাজে সম্পৃক্ত।

সমিতির প্রতিষ্ঠা লগ্ন থেকে আমৃত্যু সমগ্র বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী ভাইদের স্বার্থ ও কল্যাণের লক্ষে এক পতাকা তলে একত্রিত করার জন্য সে জন্য আমি ব্যক্তিগত ভাবে এবং বাংলাদেশ মটর পার্টস, টায়ার টিউব ও লুব্রিকেন্টস ব্যবসায় সমিতির পক্ষ থেকে তার নিকট আমরা সবাই চির ঋণি ও চির কৃতজ্ঞ। তিনি সমিতি ও সমিতির সদস্যদের কল্যাণ নিয়ে অনেক স্বপ্ন দেখেছিলেন, যা আজও বাস্তবায়িত হয় নাই। উনার অনেক অসমাপ্ত কাজ রয়ে গেছে। যদি নবীন ও প্রবীনদের নিয়ে সবাই মিলে মিশে মরহুমের অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করতে পারে তবেই মরহুমের প্রতি প্রকৃত শ্রদ্ধা জানানো হবে। পরিশেষে পরম করুনাময় সৃষ্টিকর্তার নিকট তার বিদেহী আত্মার শান্তি কামনা করছি। সমিতির প্রতিষ্ঠা বা জন্মলগ্ন থেকে অদ্যবদি সমিতির বিভিন্ন কার্যক্রমের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আজও জড়িত আছি। সমিতির কর্মকর্তা

বা সদস্য বৃন্দের মধ্যে অনেকে মৃত্যু বরন করেছেন, তাদের বিধিয় আত্মার মাগফেরাত কামনা করি। মানুষ মরণসীল। দুনিয়া ছেড়ে সবাইকে একদিন বিদায় নিতে হবে। আমার ৫০ বৎসর সমিতির কর্মকান্ডের সাথে জঁড়িত থাকা অবস্থায় কোন সদস্য আমার ব্যবহারে যদি মনে কষ্ট বা ব্যথা পেয়ে থাকেন আমাকে ক্ষমা করবেন বা ক্ষমা সুন্দর দৃষ্টিতে রাখবেন। অদ্যবদি যেসব ব্যবসায়ী সমিতির সদস্য ভূক্ত হন নাই তাদের সমিতির সদস্য ভূক্ত হওয়ার জন্য আহব্বান জানাচ্ছি। সব ব্যবসায়িরা সমিতি মনা হন এবং সমিতিকে ধরে রাখার চেষ্টা করুন। এই সমিতি আপনাদের ব্যবসায়িক ক্ষেত্রে সর্বদা সহয়তা ও সহযোগিতা করবেন বলে আমি বিশ্বাস করি ও আস্থা রাখি। ১৯৭০ সনে "অনির্বাণ সংসদঃ নামে একটি সামাজিক প্রতিষ্ঠান পাতলা খান লেনে প্রতিষ্ঠিত করতে সক্ষম হই। এলাকার মুরুব্বী ও যুবকদের একত্রিত করে। ইহাও ছিল একটি অরাজনৈতিক



ও সেবা মূলক প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ছিলাম আমি। আমি শুধু সামাজিক কর্মকান্ডের সাথেই শুধু জড়িত ছিলামনা, ধর্মীয় কাজেও নিজেকে উৎসর্গ করতে সক্ষম হয়েছি। বাহাদুর শাহ পার্কের জামে সমজিদের সেবার কাজ করেছি, দীর্ঘ কয়েক বৎসর উক্ত মসজিদ এবং মাদ্রাসার উন্নয়নের সাথে প্রতেক্ষ্য এবং পরোক্ষ্য ভাবে জড়িত ছিলাম এবং আছি।

গত ০৩-০১-২০১১ইং রোজ সোমবার আমার নিজস্ব প্রতিষ্ঠান নাজিম ব্রাদার্স, ৭ ভিঃ পার্ক (নর্থ ব্রুক হল রোড) ঢাকা, দোকানে আমার কর্মচারী নির্মল সেন ওরফে নির্মল দত্ত সহ দোকানে কর্মরত অবস্থার সময় আনুমানিক রাত্র ৭:৪০ মিনিটে দোকানের সম্মুখের রাস্তা হইতে দুইটি মটর সাইকেলে অজ্ঞাতনামা ৪(চার) জন আরোহী আকস্মিক ভাবে তাদের হাতে থাকা অস্ত্র দিয়ে আমাকে লক্ষ্যকরে গুলি করে। আমার বুকের বামপাশ ভেদ করে আমার কর্মচারী নির্মল দত্ত এর মাঝার নিচে উরুতে গুলি বিদ্ধ হয়। ততপর অস্ত্রধারীরা দ্রুত পালাইয়া যায়। আমার দোকানের অন্য কর্মচারী মোঃ জাহাঙ্গীর ও প্রতিবেশী দোকানী ভূইয়া মটরস এর মালিক ও সমিতির সাবেক সাধারণ সম্পাদক জনাব হাজী সাহেব উল্লাহ ভূইয়া ও আশেপাশের ব্যবসায়ী ভাইয়েরা ও সমিতির কর্মকর্তাবৃন্দ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যান। এই সময় তৎকালিন সাধারণ সম্পাদক হাজী মোঃ আসলাম আমার পক্ষে এজহার দায়ের করেন এবং আমাকে সর্বত্র ভাবে সহযোগিতা ও সাহায্য প্রদান করেন। সমিতির বিভিন্ন কর্মকর্তাদের এই সাহায্যের কথা আমি চিরদিন মনে রাখবো। গুলি বিদ্ধ হওয়ার পরেও আল্লাহ পাক আমাকে বাঁচিয়ে রেখেছেন। আমি একজন সমিতি ভূক্ত সাধারণ সদস্য হিসাবে তৎকালিন সমিতির কর্মকর্তাবৃন্দ এবং সাধারণ সদস্যবৃন্দ যে ভাবে আমাকে সহযোগিতা করেছেন তার জন্য আমি সবার কাছে কৃতজ্ঞ।

সমিতির বর্তমান কর্মকর্তাবৃন্দ সমিতির ৫০ বৎসর পূর্তি উপলক্ষে যে আয়োজন করেছেন সেই সমস্ত কর্মকর্তাদের আমার অন্তরস্থল থেকে ধন্যবাদ জানাচ্ছি। "অনেক কিছু বলা হলো, তবু কিছু কথা রয়ে গেল"।

আল্লাহ হাফেজ; আল্লাহ আমাদের সহায় হোন।



# ঢাকা মহানগরী ও এর পরিবহন ব্যবস্থার ইতিকথা

**আনিসুর রহমান**
সাবেক সভাপতি

আমাদের অতিপ্রিয় স্বদেশ ভূমি বাংলাদেশের রাজধানী মহানগরী ঢাকা। যন্ত্রযান এবং অন্যান্য বিচিত্র বাহন প্রতিনিয়ত ছুটে চলছে নগরীর সড়ক পথে। সবখানে যান-জট-জনজটে একাকার। আজকের ঢাকার পরিবহন ব্যবস্থার প্রেক্ষাপট তথা সংঙ্গে ঢাকার অতীতকে জানতে ইতিহাসের পাতায় খানিক চোখ ফেরানো যাক।

ঢাকা শহর কখন গড়ে উঠেছিল বা কোন জনগোষ্ঠি দ্বারা এর প্রতিষ্ঠা হয়েছিল সে বিষয়ে বেশ কিছু তথ্য উপাত্ত ইতিহাসের পাতায় খুঁজে পাওয়া গেলেও এসব নিয়ে ঐতিহাসিকের মধ্যে দ্বিমত দেখা যায়। তবে বালু-তুরাগ-বুড়িগঙ্গা নদীর পাড়ে গড়ে ওঠা একটি সমৃদ্ধ জনপদের অস্তিত্ব যে প্রায় ৮০০ বছর আগেও ছিল সে বিষয়ে একরকম নিশ্চিত হওয়া যায়। একটি সমৃদ্ধ জনপদ বা নগরীর ভৌত অবকাঠামো সহ অন্যান্য বিষয়াদি হঠাৎ সৃজন হয় না, ঢাকার বেলায়ও সেরকম হয়নি। ইতিহাস পাঠে জানা যায় ১১শ খ্রীষ্টাব্দে ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বিন বখতিয়ার খিলজীর বঙ্গ বিজয়ের বহু পূর্বেই আরব



দেশের অনেক শায়খ-দরবেশ এ নগরীতে ইসলাম প্রচারের জন্য আগমন করেছিলেন। তখনকার দিনে আজকের বাংলাদেশ অন্য নামে পরিচিত ছিল। যেমন সমতট, বঙ্গ, হরিকেল, বরেন্দ্র ইত্যাদি। মোগল আমলের পূর্বে এ অঞ্চলের কয়েকটি বিখ্যাত জনপদের ইতিবৃত্ত ঢাকার ইতিহাসকে আরও সমৃদ্ধ করেছে। যেমন হিন্দু পুরানের বিখ্যাত রাজা হরিশচন্দ্রের রাজধানী সাভার, আলাউদ্দিন হুসেন শাহ্ ও ঈসা খাঁর রাজধানী সোনার গাঁ, গাজী কালু-চম্পাবতীর কহর দরিয়া (তুরাগ নদী) পাড়ের টঙ্গী ইত্যাদি। এসব স্বত্বেও প্রকৃত পক্ষে ঢাকার গোড়াপত্তন হয় মোগল বাদশাহ আকবরের সময়ে। তিনি পাঠান সুলতানদের পরাজিত করে পূর্বতন সমতট, হরিকেল, গৌড়, বঙ্গ, অসম ইত্যাদি নিয়ে একটি বিশাল প্রদেশ বা সুবা গঠন করে এর নাম রাখেন সুবে-বাংলা। আর এর রাজধানী হয় ঢাকা। সুদীর্ঘ কাল ঢাকা থেকেই এই বিশাল দুর্বার শাসন কাজ পরিচালিত হত। পরবর্তীতে মোগলদের দুর্বলতার সুযোগে ১৭শ খৃস্টাব্দে আবার ঢাকা কেন্দ্রিক পাঠান সুলতানাত প্রতিষ্ঠিত হয় এবং এক পর্যায়ে সুলতান মুর্শীদকুলি খাঁ ঢাকা থেকে রাজধানী মুর্শিদাবাদে স্থানান্তর করেন। ঢাকা আবার একটা গুরুত্বহীন শহরে পরিণত হয়। এদেশে ইংরেজদের আগমন ঘটে ১৬শ খৃস্টাব্দে। তখন মোগল সম্রাট শাহজাহানের সময়কাল। ইংরেজদের এদেশে আগমনের সময় ঢাকা প্রদেশ বা সুবার রাজধানী হলেও ব্যবসা-বাণিজ্যে গোটা ভারতবর্ষে অদ্বিতীয় ছিল। ইংরেজ ছাড়াও ইউরোপের অনেক দেশের বড় বড় সওদাগরেরা এ শহরে বসতি বা কুঁঠি গড়ে তোলেন। আজও তাদের নামে ঢাকায় অনেক পাড়া, মহল্লা বা রাস্তার নাম আছে। ১৭৫৭ খৃস্টাব্দে পলাশীর যুদ্ধে নবাব সিরাজউদ্দৌল্লার পরাজয়ের মাধ্যমে এদেশে ইংরেজ শাসনের সূচনা হয়। কিন্তু শাসন কায়েম করার পর ইংরেজরা ঢাকা বা মুর্শিদাবাদকে তাদের রাজধানী না বানিয়ে একটি অখ্যাত স্থানের কয়েকটি গ্রাম নিয়ে বাংলা তথা পরবর্তীতে বিজিত সমগ্র ভারতের রাজধানী গড়ে তোলে। নাম দেয় কলকাতা। স্বাভাবিক ভাবেই কলকাতার আড়ালে ঢাকা, ঢাকা পড়ে। ঢাকার জমিদার, বড় ব্যবসায়ী ও রইসরা পাড়ি জমান কলকাতায়। ঢাকা পরিণত হয় নগন্য এক জেলা শহরে। ইংরেজ শাসনের চড়াই-উতরাই পেরিয়ে প্রায় দেড়শ বছর পর ঢাকার ইতিহাসে যোগ হয় নতুন এক অধ্যায়। পূর্ববঙ্গের অবহেলিত মানুষ (বিশেষতঃ বাঙ্গালী মুসলমানদের) কথা চিন্তা করে রাজনৈতিক ও প্রসাশনিক সুবিধার জন্য ইংরেজ রাজ পূর্ববঙ্গ অর্থাৎ সমগ্র বাংলাদেশ (খুলনা ও যশোহর জেলা বাদে) ও আসাম নিয়ে একটি নতুন প্রদেশ গঠন করে। রাজধানী হয় ঢাকা। এর ফলে ঢাকা তার পুরানো ঐতিহ্যের কিছুটা ফিরে পেল, মোগল-পাঠানদের পর ইংরেজরাও ঢাকার বিষয়ে মনযোগী হল।

বুড়িগঙ্গার পাড় থেকে নবাবপুর পর্যন্ত মোগল আমলের ঢাকা শহর বিস্তৃত হল রমনা, তেজগাঁও ইত্যাদি এলাকা পর্যন্ত। কার্জন হল, রমনা পার্ক, হাইকোর্ট ইত্যাদি এই সময়ের ফসল। কিছু পরে যোগ হয় ঢাকা বিশ্ববিদ্যালয়। দুর্ভাগ্য, ঢাকার এই কুড়িয়ে পাওয়া সুদিন দীর্ঘস্থায়ী হয়নি। তথাকথিত অভিন্ন বঙ্গ-বাদীদের প্রতিবাদের কারণে নতুন প্রদেশ আর তার রাজধানী আবার বাতিল হয়। ঢাকা পুর্নবার হয়ে গেল গুরুত্বহীন জেলা শহরে। এখানে বলা দরকার, ইংরেজ শাসন আমলে ঢাকার ঐতিহ্যমন্ডিত ব্যবসা-বাণিজ্য সম্পূর্ণ রূপে ধ্বংস করা হয়েছিল। ঢাকায় মসলীন, তৈজস পত্র, মশলা, সোনা-দানার জন্য বিদেশী সওদাগরেরা আর নাও ভেড়াতো না। প্রকৃত পক্ষে ঢাকাকে পরিণত করা হয়েছিল কলকাতার পশ্চাদভূমি রূপে। কলকাতাকে পাট সহ অন্যন্য কৃষিজাত দ্রব্য দিয়ে সেবা করাই ছিল ঢাকার নিয়তি।

এবার সূচনা আর এক অধ্যায়ের। বৃটিশ শাসনের অবসান, ভারত বিভক্তি ও পাকিস্তান সৃষ্টি। পাকিস্তানের পূর্ব অংশ অর্থ্যাৎ আমাদের বাংলাদেশের নাম হল পূর্ব পাকিস্তান-রাজধানী ঢাকা। প্রাদেশিক রাজধানী। দেশভাগের ডামাডোলে ভারতের বিভিন্ন অঞ্চল থেকে আগমন হল অবাঙ্গালী ব্যবসায়ীদের। প্রশাসনের

বেশীরভাগ সুযোগ সুবিধাও তাদেরই। একটি স্বাধীন দেশের নাগরিক তথা ঢাকা বাসীদের যা প্রাপ্য তা তারা পেল না। কায়েম হল রাজনৈতিক ও অর্থনৈতিক লুট পাট। পরের ইতিহাস সবারই জানা। শোষণ, বঞ্চনা ও অবিচারের বিরুদ্ধে গোটা জাতি রুখে দাঁড়াল। পরিশেষে মহান মুক্তিযুদ্ধে লক্ষ লক্ষ শহীদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত হলো স্বাধীনতা। জন্ম নিল সবুজ গালিচায় সুর্যোদয়ের লাল বৃত্তের পতাকার দেশ বাংলাদেশ। ইতিহাসের পাতায় চিরস্থায়ী ভাবে অংকিত হলো আর একটি নাম-ঢাকা। হাজার বছরের ঢাকা, আমাদের অহংকারের ঢাকার সঠিক মর্যদা নির্মিত হলো। এ পরিচয় আর কোন দিন মুছবার নয়- ইনশাআল্লাহ্। যে কোন নগরীর অপরিহার্য অঙ্গ এর পরিবহন ব্যবস্থা। মোগল পূর্বের ঢাকার পরিবহন বিষয়ে তেমন তথ্য না থাকলেও মোগল আমলে ঢাকার পরিবহন ব্যবস্থা সম্মন্ধে অনেক তথ্য পাওয়া যায়। প্রকৃত পক্ষে সেই সময়কালে পণ্য পরিবহন ও যাত্রী




সেবায় সে সকল ব্যবস্থা ঢাকায় গড়ে তোলা হয়েছিল তা ছিল উন্নত ও যুগপোযোগী। সেকালে পৃথিবীর অন্য বড় শহরগুলোর তুলনায় ঢাকা মোটেই পিছিয়ে ছিল না। নৌপথে শহরের মধ্যে যাতায়াত ও মাল পরিবহনের জন্য বুড়িগঙ্গা নদীর বাদামতলী থেকে পাগলা পর্যন্ত সুগভীর খাল খনন করা হয়েছিল। সারাবছর নাব্য এই খাল দিয়ে পণ্য ও যাত্রী পরিবহন হত। লালবাগ কেল্লা হতে নবাবপুর পর্যন্ত বিস্তৃত ছিল প্রধান সড়ক। আগামসি, আগা সাদেক ইত্যাদি সড়কও বেশ চওড়া ছিল। শহরকে বিভিন্ন বকে ভাগ করে রাস্তা ও গলি পথ দ্বারা সেগুলো প্রধান সড়কের সাথে সংযুক্ত ছিল। সেই সময়ের অযান্ত্রিক যান বাহন ও নগরবাসীর জন্য যা ছিল অতি উপযুক্ত। আজও পুরাতন ঢাকাকে ভালভাবে লক্ষ্য করলে একথার প্রমাণ মেলে। ইংরেজ শাসনামলের সিংহ ভাগ সময় ঢাকার জন্য কিছুই করা হয়নি। বরং একটি নগন্য জেলা শহর হিসাবে ঢাকা এর ঐতিহ্য ও সৌকর্য হারিয়ে ফেলে। ১৯০৪-১২ খ্রীঃ সময় কালে প্রাদেশিক রাজধানী হিসাবে আজকের নতুন ঢাকার পত্তন হয়। কিছু নতুন সড়ক ও এলাকা গড়ে ওঠে। তবে এটা ছিল ক্ষণস্থায়ী। যতদুর জানা যায় ঢাকায় বাণিজ্যিক ভাবে যান্ত্রিক যাত্রী ও পণ্য পরিবহন পরিসেবা চালু হয় দ্বিতীয় বিশ্ব যুদ্ধ কালে। যুদ্ধের প্রয়োজনে ইংরেজরা তেজগাঁয়ে বিমান ঘাঁটি ও ২/১টি প্রশস্ত সড়ক নির্মাণ করে। সেই সাথে সামরিক কাজে ব্যবহারের জন্য যন্ত্রযান নিয়ে আসে। ১৯৪৪ খ্রীস্টাব্দে যুদ্ধ অবসানের পর সামরিক বাহিনীর পরিত্যাক্ত ঐ সব যান বাহন নীলামে কিনে ঢাকায় গড়ে ওঠে প্রথম টাউন সার্ভিস। এসব বাস সার্ভিস রুট ছিল মোটামুটি এ রকমঃ

ক) পল্টন-নবাবপুর-ইস-লামপুর-চকবাজার-লালবাগ-আযিমপুর। খ) ফুলবাড়িয়া থেকে মিরপুর হয়ে নয়ারহাট। গ) মমিন কোম্পানীর ঢাকা-ডেমরা সার্ভিস এবং ভিক্টোরিয়া পার্ক থেকে নারায়ণগঞ্জ। বাস গুলোর প্রায় সবই ছিল পেট্রোল ইঞ্জিনের ফোর্ড বা শেভোলেট। পণ্য পরিবহনের ট্রাকও ঐ একই মডেলের গাড়ি। ১৯৪৭ খ্রীষ্টাব্দে পাকিস্তান প্রতিষ্ঠার পর ধীরে ধীরে, পরিবহন ব্যবস্থায় পরিবর্তন আসতে থাকে। ষাটের দশকের

প্রথমার্ধে প্রতিষ্ঠিত হয় ই. পি. আর. টি. সি। বাণিজ্যিক পরিবহনে ডিজেল ইঞ্জিন বিশিষ্ট বাস-ট্রাকের প্রচলন হয়। ধীরে ধীরে গড়ে উঠতে থাকে আন্তঃজেলা সংযোগ। তবে রাজধানীতে ২/৩ টি নতুন সড়ক তৈরী ছাড়া জন সংখ্যানুপাতে মহানগরের যাত্রী পরিসেবার তেমন পরিবর্তন হয়নি। পাকিস্তান আমলের প্রথম দিকে নগরে যাত্রী পরিবহনের প্রধান মাধ্যম ছিল ২ ঘোড়া টানা পালকি। নাগরিক চাহিদা মেটাতে এক সময় রিকসার প্রচলন হলো। সেই সাথে নতুন কিছু বাস রুটও চালু হলো। তবে রিকসার সাথে তাল মেলাতে না পেরে ধীরে ধীরে ঐতিহ্যবাহী ঘোড়ার গাড়ী গুলো হারিয়ে গেল। পুরাতন মডেল পেট্রোল বাস-ট্রাকের জায়গায় এল ডিজেল বাস-ট্রাক। পাকিস্তান আমলে পরিবহন সহ কোন ক্ষেত্রেই ঢাকা তার প্রাপ্য সুবিধা পায়নি। ঢাকা মহানগরী উন্নয়নের জন্য ডি. আই, টি. গঠন করা হলেও সমগ্র নগরটিই অপরিকল্পিত ভাবে বেড়ে উঠতে লাগল। পরিবহন সহ ঢাকার নাগরিক সুযোগ সুবিধা নিয়ে শাসকদের মোটেই মাথাব্যথা ছিল না।

কালের প্রবাহে ১৯৭১ সালে মহান মুক্তি যুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীন রাষ্ট্র বাংলাদেশের রাজধানী হিসাবে সূচিত হয়েছে ঢাকার নতুন এক অধ্যায়ের। রাজধানী কেন্দ্রিক শাসন ব্যবস্থা কায়েম হবার ফলে ঢাকার জনসংখ্যা জ্যামেতিক হারে বেড়েছে। একাত্তরের ২০-২৫ লাখ জনসংখ্যার জায়গায় এখন এই সংখ্যা প্রায় ১ কোটি ১০ লাখ। পাকিস্তান আমলে সূচীত পরিকল্পনা বিহীন প্রবৃদ্ধি অব্যাহত গতিতে চলছে। নগরীর পরিবহন ব্যবস্থাও সেই রকম। একটি পরিকল্পিত নগরীতে যেখানে সড়ক থাকে কমপক্ষে ২৫% শতাংশ জায়গা জুড়ে সেখানে আমাদের ঢাকায় আছে মাত্র ৮% শতাংশ। ফলে যা হবার তাই হয়েছে এবং আমরা এ যন্ত্রণা অহরহ অনুভব করছি। জন জট যান জটে নাগরিকের নাভিশ্বাস উঠেছে। সারা পৃথিবীতে তন্ন তন্ন করে খুঁজেও মনে হয় এমন কোন রাজধানী শহর খুঁজে পাওয়া যাবে না, যেখানকার সড়কের আয়তন অনুপাত মাত্র ৮% শতাংশ এবং যে সড়কের অধিকাংশই অপরিকল্পিত আট ফুট থেকে ১২ ফুট চওড়া। এমন দৃশ্য কোথায়ও দেখা সম্ভব নয় যেখানে সর্বশেষ মডেলের দামী প্রাইভেট কার, ভলভো দ্বিতল বাসের পাশাপাশি চলে তিন চাকার লক্ষ লক্ষ মানুষ টানা রিকসা, ঠেলা গাড়ী, টালি গাড়ী বা রিকসা ভ্যান। আছে অপরিকল্পিত ভাবে হঠাৎ গজিয়ে ওঠে অসংখ্য বাস-মিনি বাস রুট। অথবা চলে হাজার হাজার অটো রিকসা ও ট্যাক্সি। নেই কোন সিটি টার্মিনাল বা পার্কিং সুবিধা।

প্রকৃত পক্ষে একটি আধুনিক ও বিশাল নগরীর জন পরিবহন ব্যবস্থায় রিকসা, টালিগাড়ী, ঠেলা বা বাস মিনি বাস, কোন সমাধান হতে পারে না। যত চেষ্টাই করা হোক না কেন, আমূল পরিবর্তন ছাড়া স্থায়ী সমাধান অর্জন করা অসম্ভব। আমাদের মহানগর পরিকল্পনাকারী ও সংশ্লিষ্টদের আগামী ৫০ বছরের কথা বিবেচনায় নিয়ে অবশ্যই এগিয়ে আসতে হবে। সে সময়ের মধ্যে আশা করা যায় জয়দেবপুর থেকে নারায়ণগঞ্জ এবং দক্ষিণে পদ্মাতীর পযন্ত এই মহানগরীর পরিধি বিস্তৃত হতে পারে। এগিয়ে আসতে হবে নগরীর জন পরিবহনের জন্য আধুনিক পরিকল্পনা নিয়ে। তা আন্ডার গ্রাউন্ড রেল, এলিভেটেড একসপ্রেস ওয়ে বা এধরনের অন্য যে কোন ব্যবস্থার মাধ্যমেই হোক। এমন উচ্চাভিলাসী পরিকল্পনা হঠাৎ করে বা সহসা বাস্তবায়ন করা সম্ভব না হলেও এদিকেই আমাদের এগোতে হবে। সাহস ও নিষ্ঠা নিয়ে এগিয়ে চললে সকল বাধাকেই অতিক্রম করা যায়। আজ অসম্ভব আগামীতে সম্ভব হয়। হাজার বছরের ঢাকা, ঐতিহ্যবাহী জনপদ প্রিয় রাজধানী ঢাকার নবরূপ দর্শনের প্রত্যাশায় থাকলাম আমরা সবাই। আর এই প্রত্যাশাতো অলীক কল্পনা মাত্র নয়; কারণ, অন্যান্য ঢাকার কাহিনীই তো উত্থানের, উন্নতির ইতিহাস এ কথাই সাক্ষী দেয়।

---

*(২০০৪-২০০৬ সালের প্রকাশিত স্বরণিকা থেকে নেওয়া।*

প্রথমার্ধে প্রতিষ্ঠিত হয় ই. পি. আর. টি. সি। বাণিজ্যিক পরিবহনে ডিজেল ইঞ্জিন বিশিষ্ট বাস-ট্রাকের প্রচলন হয়। ধীরে ধীরে গড়ে উঠতে থাকে আন্তঃজেলা সংযোগ। তবে রাজধানীতে ২/৩ টি নতুন সড়ক তৈরী ছাড়া জন সংখ্যানুপাতে মহানগরের যাত্রী পরিসেবার তেমন পরিবর্তন হয়নি। পাকিস্তান আমলের প্রথম দিকে নগরে যাত্রী পরিবহনের প্রধান মাধ্যম ছিল ২ ঘোড়া টানা পালকি। নাগরিক চাহিদা মেটাতে এক সময় রিকসার প্রচলন হলো। সেই সাথে নতুন কিছু বাস রুটও চালু হলো। তবে রিকসার সাথে তাল মেলাতে না পেরে ধীরে ধীরে ঐতিহ্যবাহী ঘোড়ার গাড়ী গুলো হারিয়ে গেল। পুরাতন মডেল পেট্রোল বাস-ট্রাকের জায়গায় এল ডিজেল বাস-ট্রাক। পাকিস্তান আমলে পরিবহন সহ কোন ক্ষেত্রেই ঢাকা তার প্রাপ্য সুবিধা পায়নি। ঢাকা মহানগরী উন্নয়নের জন্য ডি. আই, টি. গঠন করা হলেও সমগ্র নগরটিই অপরিকল্পিত ভাবে বেড়ে উঠতে লাগল। পরিবহন সহ ঢাকার নাগরিক সুযোগ সুবিধা নিয়ে শাসকদের মোটেই মাথাব্যথা ছিল না।

কালের প্রবাহে ১৯৭১ সালে মহান মুক্তি যুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীন রাষ্ট্র বাংলাদেশের রাজধানী হিসাবে সূচিত হয়েছে ঢাকার নতুন এক অধ্যায়ের। রাজধানী কেন্দ্রিক শাসন ব্যবস্থা কায়েম হবার ফলে ঢাকার জনসংখ্যা জ্যামেতিক হারে বেড়েছে। একাত্তরের ২০-২৫ লাখ জনসংখ্যার জায়গায় এখন এই সংখ্যা প্রায় ১ কোটি ১০ লাখ। পাকিস্তান আমলে সূচীত পরিকল্পনা বিহীন প্রবৃদ্ধি অব্যাহত গতিতে চলছে। নগরীর পরিবহন ব্যবস্থাও সেই রকম। একটি পরিকল্পিত নগরীতে যেখানে সড়ক থাকে কমপক্ষে ২৫% শতাংশ জায়গা জুড়ে সেখানে আমাদের ঢাকায় আছে মাত্র ৮% শতাংশ। ফলে যা হবার তাই হয়েছে এবং আমরা এ যন্ত্রণা অহরহ অনুভব করছি। জন জট যান জটে নাগরিকের নাভিশ্বাস উঠেছে। সারা পৃথিবীতে তন্ন তন্ন করে খুঁজেও মনে হয় এমন কোন রাজধানী শহর খুঁজে পাওয়া যাবে না, যেখানকার সড়কের আয়তন অনুপাত মাত্র ৮% শতাংশ এবং যে সড়কের অধিকাংশই অপরিকল্পিত আট ফুট থেকে ১২ ফুট চওড়া। এমন দৃশ্য কোথায়ও দেখা সম্ভব নয় যেখানে সর্বশেষ মডেলের দামী প্রাইভেট কার, ভলভো দ্বিতল বাসের পাশাপাশি চলে তিন চাকার লক্ষ লক্ষ মানুষ টানা রিকসা, ঠেলা গাড়ী, টালি গাড়ী বা রিকসা ভ্যান। আছে অপরিকল্পিত ভাবে হঠাৎ গজিয়ে ওঠে অসংখ্য বাস-মিনি বাস রুট। অথবা চলে হাজার হাজার অটো রিকসা ও ট্যাক্সি। নেই কোন সিটি টার্মিনাল বা পার্কিং সুবিধা।

প্রকৃত পক্ষে একটি আধুনিক ও বিশাল নগরীর জন পরিবহন ব্যবস্থায় রিকসা, টালিগাড়ী, ঠেলা বা বাস মিনি বাস, কোন সমাধান হতে পারে না। যত চেষ্টাই করা হোক না কেন, আমূল পরিবর্তন ছাড়া স্থায়ী সমাধান অর্জন করা অসম্ভব। আমাদের মহানগর পরিকল্পনাকারী ও সংশ্লিষ্টদের আগামী ৫০ বছরের কথা বিবেচনায় নিয়ে অবশ্যই এগিয়ে আসতে হবে। সে সময়ের মধ্যে আশা করা যায় জয়দেবপুর থেকে নারায়ণগঞ্জ এবং দক্ষিণে পদ্মাতীর পযন্ত এই মহানগরীর পরিধি বিস্তৃত হতে পারে। এগিয়ে আসতে হবে নগরীর জন পরিবহনের জন্য আধুনিক পরিকল্পনা নিয়ে। তা আন্ডার গ্রাউন্ড রেল, এলিভেটেড একসপ্রেস ওয়ে বা এধরনের অন্য যে কোন ব্যবস্থার মাধ্যমেই হোক। এমন উচ্চাভিলাসী পরিকল্পনা হঠাৎ করে বা সহসা বাস্তবায়ন করা সম্ভব না হলেও এদিকেই আমাদের এগোতে হবে। সাহস ও নিষ্ঠা নিয়ে এগিয়ে চললে সকল বাধাকেই অতিক্রম করা যায়। আজ অসম্ভব আগামীতে সম্ভব হয়। হাজার বছরের ঢাকা, ঐতিহ্যবাহী জনপদ প্রিয় রাজধানী ঢাকার নবরূপ দর্শনের প্রত্যাশায় থাকলাম আমরা সবাই। আর এই প্রত্যাশাতো অলীক কল্পনা মাত্র নয়; কারণ, অন্যান্য ঢাকার কাহিনীই তো উত্থানের, উন্নতির ইতিহাস এ কথাই সাক্ষী দেয়।

---

*(২০০৪-২০০৬ সালের প্রকাশিত স্বরণিকা থেকে নেওয়া।*



# ৫০ বছর পূর্তিতে কিছু কথা

বাংলাদেশে মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায় জড়িত সকল ব্যবসায়ীগণের জন্য আজ একটি উৎসব মুখর দিন। ১৯৭৩ ইং সালে সমিতির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। আমি তখন এই ব্যবসার সাথে জড়িত হতে পারি নাই। ১৯৮৩ ইং সালে "পদ্মা ট্রেডার্স" নামীয় প্রতিষ্ঠানের মাধ্যমে আমার যাত্রা শুরু হয়। বর্তমানে এই সমিতির সম্মানিত সভাপতি এবং আমি একত্রে এই প্রতিষ্ঠানের নামে ব্যবসা আরম্ভ করি। ১৯৮৩ ইং সাল থেকে বর্তমানে ২০২৪ ইং সাল, দীর্ঘ সময় এই ব্যবসার সাথে সক্রিয়ভাবে যুক্ত থাকার সুবাদে ব্যবসায়ী বন্ধুগণের প্রতিষ্ঠানিক সুখ/দুঃখ সকল বিষয়ের সাথে যুক্ত থাকতে পেরে নিজেকে সৌভাগ্যবান মনে করছি।

এই দীর্ঘ সময়ের মধ্যে ব্যবসায়ী সংগঠন বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতির সাথে আমি সরাসরি যুক্ত ও পরবর্তিতে সংগঠনের সব সময়ের কার্যকারী পরিষদের সাথে প্রয়োজন ভিত্তিক যুক্ত থাকার সুযোগ দেওয়ায় আমি কৃতজ্ঞ। এটা বলা অনস্বীকার্য যে, আমাদের ব্যবসাটা প্রায় ৯৫% আমদানী নির্ভর এবং একাধিক দেশ হতে আমদানী করতে হয়। এরই প্রেক্ষিতে ব্যবসাটা অত্যান্ত টেকনিক্যাল। পন্যের মূল্য নির্ভর করে আমদানী শুল্ক ও ভ্যাট এবং কোন দেশের তৈরী তার উপর।

উল্লেখিত বিষয়গুলি নিয়ে কিছু কথা বলার কারন হল, এই ব্যবসায় ঐক্যবদ্ধ থাকাটা অত্যান্ত জরুরী। বিধায় সকল ব্যবসায়ী মিলে সমিতির মাধ্যমে ব্যবসার সুবিধা অসুবিধা গুলো নির্ণয় করা এবং একইসাথে অসুবিধা থেকে ব্যবসায়ীরা যেন মুক্তি পায় তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা। সমিতি ধারাবাহিকভাবে ১৯৭৩ ইং সাল থেকে অদ্য পর্যন্ত ব্যবসায়ীদের ঐক্যবদ্ধ রেখে চলে আসছে।

১৯৭৩ ইং সাল থেকে যে সকল বরেণ্য ব্যক্তিগণ আমাদেরকে একত্রে রেখে এই ব্যবসার পরিধি ও পরিবেশ বজায় রেখে আসছেন, তাদের মধ্যে বেশিরভাগ ব্যবসায়ী নেতাগণ আমাদের ছেড়ে চলে গেছেন। মহান আল্লাহ রাব্বুল আল-আমীন সকলকে জান্নাতবাসী করুন। এখানে উল্লেখ্য প্রথম কমিটির মধ্যে আমার জানা মতে এক জন এখনো জীবিত আছেন, তিনিও শারীরিক অসুস্থতার মধ্যে আছেন। দোয়া করি মহান রাব্বুল আল-আমীন উনাকে সুস্থতা দান করুন এবং নেক হায়াত দিন।

আরো একটি বিষয় খুবই জরুরী, উল্লেখ না করলেই নয়, সমিতির নেতাদের অদম্য সাহস ও নেতৃত্বের জন্য যতবারই সাধারন ব্যবসায়ীদের উপর বিভিন্ন রকমের আঘাত এসেছে, তা প্রতিহত করতে সক্ষম হয়েছেন। এমনকি নেতারা গুলির সামনে দাড়াতেও দ্বিধা করেননি। রক্ত দিয়ে ও বিভিন্ন ধরনের মামলা মাথায় নিয়ে পালিয়ে থাকতে হয়েছে। এত ত্যাগের বিনিময়ে সাধারন ব্যবসায়ী-দের ঐক্যবদ্ধ রেখে সমস্ত অপশক্তিকে প্রতিহত করে বাংলাদেশ ব্যাপী ব্যবসার পরিবেশ রক্ষা করতে সমিতি সক্ষম হয়েছেন।

ব্যবসায়ীদের এই ঐক্য ধরে রাখা সহ সকল সমস্যা সমাধানের জন্য আগামীতে সমিতির নেতাদের আরো জোরালো ভূমিকা রাখা একান্ত প্রয়োজন। তাই আমি ব্যক্তিগতভাবে আশা করবো ভবিষ্যতে শিক্ষিত, যোগ্য এবং অভিজ্ঞতা সম্পন্ন নতুন নেতৃত্ব এসে এই সমিতির মাধ্যমে সাধারন ব্যবসায়ীগণের ব্যবসাকে সুষ্ঠ ও সুন্দর পরিবেশ রক্ষা করে, ব্যবসার পরিসর বৃদ্ধি করতে সহায়তা করবেন। সমিতির পরিধি প্রতিটি জেলা পর্যায়ে নিয়ে যাওয়া একটি অপরিহার্য কাজ। আশা করবো ভবিষ্যতে জেলা ভিত্তিক সমিতির ইউনিট/সার্কেল গঠন করে সমিতির পরিধি বাড়িয়ে সকল ব্যবসায়ীদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করার বিষয়টি বিবেচনা করবেন।

পরিশেষে সমিতির সকল কর্মকতা ও সদস্যবৃন্দ কে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি।

আল্লাহ হাফেজ।

**মোঃ আলতাফ হোসেন**
প্রাক্তন সভাপতি

বিসমিল্লাহির রহমানির রহিম আল্লাহর সর্বশক্তিমান ও মহান করুনাময় আল্লাহ নামে শুরু করছি।

## আমার ব্যবসায়িক ও সামাজিক জীবনের কিছু কথা ..........



আমি চট্টগ্রাম জেলা সাতকানিয়া পৌরসভার ৫নং ওয়ার্ডের অর্ন্তগত ছিটুয়াপাড়া গ্রামের সন্তান। আমি চট্টগ্রাম শহরে উচ্চতর শিক্ষা সমাপ্ত করে ১৯৮০ সালে হাজী অটোমোবাইলস্ প্রতিষ্ঠানের মাধ্যমে ব্যবসা শুরু করি। মেধা, সত্য ও নিষ্ঠার সহিত ব্যবসা পরিচালনা করতে থাকি। আপনাদের সকলের দোয়া ও সহযোগিতায় আজ আমি এই পর্যায়ে আসতে পেরেছি। ১৯৯৬ সালে সমিতির কেন্দ্রিয় কমিটির নির্বাচনে আমাকে অংশ গ্রহনের জন্য তৎকালীন সমিতির বলিষ্ঠ প্রয়াত নেতা আলহাজ্ব সামসুদ্দিন খান ও আলহাজ্ব আনোয়ার হোসেন সাহেব আমাকে তাদের প্যানেলে নির্বাচনী প্রার্থী করেন, আপনাদের দোয়া ও সমর্থনে আমি আমার প্রথম নির্বাচনে সর্বোচ্চ ভোট পেয়ে সহ-সভাপতি পদ জয় লাভ করি। এরপর থেকে সমিতির বিভিন্ন কর্মকান্ডের সহিত জড়িয়ে পড়ি। সমিতি হচ্ছে সমিতির সদস্যদের সর্বশেষ আস্থার স্থান, সকল সদস্যদের একত্রে আবদ্ধ করে রাখার নামই সমিতি, আপনাদের সহযোগিতায় আমি ২০০৩ থেকে ২০২৩ সাল পর্যন্ত ৬ (ছয়) বার সভাপতি পদে নির্বাচিত হয়েছি। আমার উপর আস্থা রাখার জন্য আমি আপনাদের প্রতি চির কৃতজ্ঞ। ২০০৫ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত আমি পরপর ২ বার সাতকানিয়া পৌরসভার মেয়র হিসাবে দ্বায়িত্ব পালন করেছি। আমি আমার কমিটির নেতৃবৃন্দদেরকে নিয়ে সমিতিকে একটি যুগোপযোগী জায়গায় নেওয়ার চেষ্ঠা করছি। সমিতির বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ডে আমাকে সবসময় সমিতির সম্মানিত সাধারণ সম্পাদক হাজী মোঃ আসলাম সাহেব আমাকে যথেষ্ঠ সহযোগিতা করেছেন। তিনি একজন নিস্বার্থবান নেতা। সমিতির সর্বক্ষেত্রে তিনি অগ্রনী ভুমিকা পালন করেন। ১৯৭৩ সালে এই সমিতিটি প্রতিষ্ঠিত হয়েছিল। যা কালক্রমে আজ আমরা বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতির ৫০ বৎসর পূর্তি উদযাপন করতে যাচ্ছি। প্রতিষ্ঠাকাল থেকে অদ্যবধি পর্যন্ত সমিতির যে সকল সম্মানিত নেতৃবৃন্দ প্রয়াত হয়েছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করছি। এবং স্ব-শ্রদ্ধ চিত্তে তাদেরকে সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের মধ্যে দিয়ে তাদেরকে স্মরণ করছি। বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতির ঢাকা চট্টগ্রামের কিছু একনিষ্ঠ নেতা ছিলেন, আলহাজ্ব সামসুদ্দিন খান, মোহাম্মদ মাসউদ হোসেন, তোফাজ্জল হোসেন, সালাহউদ্দিন আহমেদ, জানে আলম, কাজী ফজলুর রহমান তাদের অবদান কখনো ভুলার নয়।

সম্প্রতিকালে সমিতির অফিসটি ডেকোরেশন করা হয়েছে এই কাজে অনেক টাকা ব্যয় হয়েছে। কার্যনির্বাহী কমিটির সম্মানিত যে সকল নেতৃবৃন্দ অর্থ ও নিরলস শ্রম দিয়ে কাজটি সম্পূর্ণ করেছেন তাদের সকলকে আমার পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। ৫০ বৎসর পূর্তি উপলক্ষে যে বিশেষ স্মরণিকাটি প্রকাশনা কাজে কেন্দ্রীয় কমিটি ও প্রকাশনা সাব কমিটির যে নেতৃবৃন্দ সর্বত্র সহযোগিতা করেছেন তাদেরকে আমার পক্ষ থেকে আন্তরিক ভাবে জানাই ধন্যবাদ।

**হাজী মোহাম্মুদুর রহমান**
সবেক সভাপতি



# স্মরণে বরণে ৫০ বৎসর পূর্তি

**আলহাজ্ব মোঃ মোখলেসুর রহমান**
সাবেক সহ-সভাপতি
কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি

বাংলাদেশ মটর পার্টস ও টায়ার-টিউব ব্যবসায়ী সমিতির ৫০ বছর পূর্তি উদযাপনকে আমি স্বাগত জানাই এবং এই উপলক্ষ্যে প্রকাশিত স্মরণীকায় লেখার সুযোগদানে আমি গর্বিত।

বাংলাদেশের মটর পার্টস ও টায়ার-টিউব ব্যবসায়ীদের সুযোগ-সুবিধা, স্বার্থরক্ষা ও সেবার মহান ব্রত রেখে, দক্ষিণ প্রান্তে ইতিহাস খ্যাত লালকুঠি ও বুড়িগঙ্গা নদী এবং উত্তর প্রান্তে ঐতিহাসিক বাহাদুর শাহ পার্ক সীমানা নিয়ে ১৯৭৩ সালে যাত্রা শুরু হয় বাংলাদেশ টায়ার-টিউব ব্যবসায়ী সমিতির। সমিতির এই স্বর্ণ জয়ন্তী উৎসবে শ্রদ্ধাভরে স্মরণ ও আত্মার মাগফিরাত কামনা করছি- সে সমস্ত সম্মানিত নেতৃবৃন্দ, যাহাদের আন্তরিক প্রচেষ্টায় ও সহযোগীতায় যাত্রা শুরু এই সমিতির। যথা-মোহাম্মদ মাসুদ, আতিয়ার রাসুল, সামসুদ্দিন খাঁন, সালাহ উদ্দিন আহমেদ, মোঃ ইব্রাহিম আলী সাহেবসহ প্রমুখ।

আধুনিক সভ্যতার অন্যতম প্রধান স্তম্ভ-যানবাহন। তাই সভ্যতার অগ্রযাত্রাকে সচল রাখার নিরীখে মটর পার্টস ও টায়ার-টিউব একটি আন্তর্জাতিক মানের ব্যবসা। করোনাকালীন মহা-দুর্যোগ, ইউক্রেন যুদ্ধ এবং চরম দুর্নীতিগ্রস্থ রাজনীতির কারণে ডলারের স্মরণকালীন মূল্য বৃদ্ধির কারণে আমদানি নির্ভর এই ব্যবসার যন্ত্রাংশ ও কাঁচা মালামাল এর যোগান অনেক কমে গেছে এবং মূল্য বৃদ্ধি প্রাপ্ত হয়েছে। অন্য দিকে কিছু অবৈধ ব্যবসায়ীরা আন্ডার ইন ভয়েস, লাগেজ ও চোরাচালানের মাধ্যমে অবৈধ পথে বিভিন্ন ভাবে যন্ত্রাংশ নিয়ে আসছে। এর ফলে সরকার রেভিনিউ / শুল্ক থেকে বঞ্চিত হচ্ছে এবং অন্য দিকে প্রকৃত ব্যবসায়ীরা / আমদানিকারকরা প্রতিযোগীতা মূলক বাজার থেকে পিছিয়ে যাচ্ছেন। এই অবৈধ ব্যবসায়ীদের চিহ্নিতকরণ এবং প্রতিরোধে বাংলাদেশ মটর পার্টস টায়ার-টিউব ব্যবসায়ী সমিতির যথাযথ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আহ্বান জানাচ্ছি।

মানুষ মরণশীল কিন্তু ব্যবসা প্রতিষ্ঠান স্থায়ী। এই দেশে যতদিন যানবাহন চলাচল করবে, ততদিন এই মটর পার্টস ব্যবসাও চলমান থাকবে তাই পুরাতনরা চলে গেলে সেখানে নতুনদের আগমন হয়। বর্তমানে সুশিক্ষিত, জ্ঞাণী, আধুনিক মেধা-মনন সম্পূর্ণ অনেক তরুণ যুবক এই ব্যবসার সাথে জড়িত হয়েছেন। তারাও এক দিন এই সমিতির দায়িত্বে এগিয়ে আসবেন এবং এই সমিতিকে আরো বেগবান ও যুগোপযোগী করবেন বলে আমি বিশ্বাসী। প্রবীণের প্রজ্ঞা ও নবীণের গতি হোক আমাদের সমিতির মূল চালিকা শক্তি।

দেশের অর্থনৈতিক অগ্রগতির পথে এফবিসিসিআই এর নেতৃত্বে বিভিন্ন এসোসিয়েশন ও চেম্বার সহ আমাদের মটর পার্টস ও টায়ার-টিউব ব্যবসায়ী সমিতির ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়। ভবিষ্যতেও বিভিন্ন সমস্যা সমাধানের পথে সমিতির সদস্যদের সম্মিলিত দৃষ্টিভঙ্গী ও অবস্থানকে মূল্যায়ন করে-সরকার, সংস্থা, নিয়ন্ত্রক ও মিডিয়ার সাথে অত্র সমিতির বলিষ্ঠ ও কার্যকর পদক্ষেপ গ্রহণ অব্যাহত থাকবে বলে আশা করছি।

পরিশেষে, এই স্বর্ণ জয়-জয়ন্তী উৎসবের আয়োজক সহ সংশ্লিষ্ট সবাইকে আমি আন্তরিক ভাবে ধন্যবাদ ও শুভেচ্ছা জ্ঞাপন করছি। আল্লাহ হাফেজ।






# ভ্যাট সম্পর্কে কিছু কথা

**মোঃ আমজাদ হোসেন খান**

সমিতির ৫০ বছর পূর্তি উপলক্ষে ভ্যাট সম্পর্কে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি হিসেবে যতটুকু ক্ষুদ্রজ্ঞান আহরণ করেছি সে সম্পর্কে সম্মানিত প্রিয় ব্যবসায়ী ভাইদের সদয় অবগতির জন্য ভ্যাট সম্পর্কৃত কিছু তথ্য জানানো প্রয়োজন মনে করছি যে অভ্যন্তরীণ রাজস্ব আহরণ বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ সরকার রাজস্ব নীতিতে সংস্কার আনয়নের সিদ্ধান্ত গ্রহণ করেন। এরই অংশ হিসেবে ১৯৭৯ সালের এপ্রিল মাসে Taxation Enquiry Commission (TEC) আনুষ্ঠানিক ভাবে সেলস ট্যাক্স এর বিকল্প হিসেবে মূল্য সংযোজন কর ব্যবস্থা চালুর জন্য সরকারকে সুপারিশ করে। ১৯৮৬ সালের ডিসেম্বরে বিশ্ব ব্যাংকের প্রতিনিধি দল বাংলাদেশ সরকারের সহায়তায় কর ব্যবস্থায় সংস্কারের উপর একটি খসড়া সুপারিশ প্রনয়ন করে। ১৯৮৯ সালের ১৫ ডিসেম্বর তারা চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন।

এ প্রতিবেদনে তিন বছরের মধ্যে আমদানি ও উৎপাদন পর্যায়ে একহার বিশিষ্ট ভ্যাট ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ করা হয়। এরই ধারাবাহিকতায় প্রথমে ৩১ মে ১৯৯১ সালে রাষ্ট্রপতির অধ্যাদেশের মাধ্যমে এবং পরবর্তীতে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ সংসদে পাশ হওয়ার পর ১০ জুলাই, ১৯৯১ থেকে আইনটি কার্যকর করা হয়। বাংলাদেশ সহ বর্তমানে ১৬৬ টি দেশে ভ্যাট ব্যবস্থা চালু আছে।

বাংলাদেশে ১৯৯১ সালে ভ্যাট প্রবর্তনের শুরুর দিকে তেমন জনপ্রিয় না হলেও ধীরে ধীরে আইনটির পরিধি ও ব্যাপ্তি বাড়তে থাকে। এ আইনের আওতায় ভ্যাট, সম্পূরক শুল্ক ও টার্নওভার কর খাতে অভ্যন্তরীণ রাজস্বের প্রায় ৫৭ শতাংশ আহরিত হয়।

তবে ব্যাপক অব্যাহতি, সংকুচিত মূল্য ভিত্তি, ট্যারিফ মূল্য, মুল্য ঘোষনা, অগ্রিম বানিজ্যিক ভ্যাট, প্যাকেজ ভ্যাট, খাতভিত্তিক বিভিন্ন ব্যবস্থাপনা পদ্ধতিসহ নানা রকম প্রজ্ঞাপন, আদেশ, ব্যাখ্যাপত্র ইত্যাদির কারনে আইনটি ক্রমশ জটিল হয়ে পড়ে। ভ্যাট চেইন ব্যবহৃত হয় এবং স্বেচ্ছা পরিপালন হ্রাস পায়। ভ্যাটের আওতা বৃদ্ধি ও আহরণের প্রবৃদ্ধি স্থবির হয়ে পরে। ফলে বিচ্যুতিমুক্ত ও ব্যবসা বান্ধব নতুন একটি আইনের প্রয়োজন পড়ে।

এ প্রেক্ষাপটে সরকারের নির্দেশে জাতীয় রাজস্ব বোর্ড ২০১০ সালে নতুন ভ্যাট আইনের খসড়া প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে। জাতীয় সংসদে যাচাই বাছাইয়ের পর ২০১২ সালের ১০ ডিসেম্বর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ নামে জাতীয় সংসদে পাস হয়। ২০১৬ সালে সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা ২০১৬ জারি করা হয়। ১ জুলাই, ২০১৭ থেকে করযোগ্য আমদানি ও করযোগ্য সরবরাহের সকল পর্যায়ের ১৫% একক ভ্যাটের হার আদায়ের বিধান রেখে আইনটি বাস্তবায়নের ঘোষনা দেয়া হয়। নতুন আইন বাস্তবায়নে ব্যবসায়ী ও জাতীয় রাজস্ব বোর্ড এর যথেষ্ট প্রস্তুতি না থাকায় এর বাস্তবায়ন দুই বছরের জন্য স্থগিত করা হয়।

তবে অনলাইনে ভ্যাট রেজিস্ট্রেশনের সুযোগ উন্মুক্ত করা হয়। অনলাইনে দাখিলপত্র বা রির্টান জমা দেয়ার প্রস্তুতি চলতে থাকে। ২০১৯ জুলাই মাস হতে নতুন আইনটি বাস্তবায়ন করা হয়। নতুন আইনে ১৫% শতাংশ হারের পাশাপাশি ১০, ৭.৫ ও ৫ শতাংশ হ্রাসকৃত হারে ভ্যাট প্রদানের বিধান করা হয়।

আমি ভ্যাট সম্পর্কে যতটুকু জেনেছি, ব্যবসা করলে অবশ্যই ভ্যাট প্রদান করতে হবে। সরকারের আইন অনুযায়ী সকল ব্যবসায়ী ভ্যাট প্রদানের আওতাভুক্ত। সে ক্ষেত্রে কোন ব্যবসায়ী ভ্যাট প্রদান না করলে সরকারের নিকট দায়ী থাকিবেন এবং জরিমানা সহ ভ্যাট প্রদান করতে বাধ্য থাকিবেন।

“আসুন আমরা সবাই মিলে ভ্যাট প্রদান করি, আমার দেশকে স্বনির্ভর জাতি গড়ে তুলি”

২০২৫ সালের নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সকল ব্যবসায়ীদের সুস্বাস্থ্য ও ব্যবসায়ীক সাফল্য কামনা করি।

লেখকঃ সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
ও চেয়ারম্যান স্ট্যান্ডিং কমিটি অন ভ্যাট, ট্যারিফ এন্ড ইনকাম ট্যাক্স।
বাংলাদেশ মটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি
জেনারেল বডি মেম্বার, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফ বি সি সি আই)



# দূরবীণ

কাজী ইমরান এফ, রহমান
(সিজন্ড সিন্ডিকেট)

“মোটর পার্টস” ও “টায়ার টিউব” শব্দ দুটি ইংরেজী ভাষার হলেও বাংলা ভাষায় একই অর্থে ব্যবহৃত হয়। মূলত যানবাহন কে সচল রাখার জন্য মোটর পার্টস ও টায়ার টিউব এর প্রয়োজন। একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের পূর্ব শর্ত হলো উন্নত যোগাযোগ ব্যবস্থা। এই যোগাযোগ ব্যবস্থাকে গতিশীল রাখার জন্য যানবাহন এর পাশাপাশি মোটর পার্টস ও টায়ার টিউব এর প্রয়োজন রয়েছে। আমদানী নির্ভর এ ব্যবসাটি দেশ স্বাধীন এর পূর্ব থেকে মুষ্টিমেয় কিছু অবাঙ্গালী ব্যবসায়ীদের হাতে নিয়ন্ত্রিত ছিল এবং অল্প সংখ্যক বাঙ্গালী ব্যবসায়ী সে সময় এই ব্যবসায় জড়িত ছিলেন।

সত্তর দশকে এই দেশের গণ ও ব্যক্তিগত পরিবহনে ইউরোপ, জার্মান, আমেরিকা এবং জাপানের তৈরী গাড়ী ব্যবহৃত হতো। ফলে মোটর পার্টস ও টায়ার টিউব এর বাজার এসব দেশের উপর নির্ভরশীল ছিল। আশির দশকের শেষের দিকে জাপান ও ভারতের তৈরী বিভিন্ন যানবাহন বাংলাদেশের বাজার দখল করে। এসময় জাপান, তাইওয়ান ও ভারত থেকে প্রচুর মোটর পার্টস ও টায়ার টিউব আমদানী হত। নব্বই দশকে ভারত এ দেশের গণ পরিবহনের একটি বিশাল বাজার দখল করে।

বর্তমানে ভারতের পাশাপাশি চীন, জাপান, তাইওয়ান থেকে প্রচুর খুচরা যন্ত্রাংশ ও টায়ার টিউব আমদানী হয়।

এখানে উল্লেখ্য যে, বিভিন্ন রকম পুরাতন গাড়ীর খুচরা যন্ত্রাংশ দুবাই, মালয়েশিয়া সহ অন্যান্য দেশ থেকে বাংলাদেশে আমদানী হয় যা রিকন্ডিশন মোটর পার্টস নামে পরিচিত। বাংলাদেশে বর্তমানে বেশ কিছু মোটর পার্টস ও টায়ার টিউব প্রস্তুতকারী প্রতিষ্ঠান তাদের প্রস্তুত-কৃত পণ্য স্থানীয় বাজারে বাজারজাত করছে। এর মধ্যে ফিল্টার, স্প্রিংলিফ, বিভিন্ন ধরনের নাট-বোল্ট ও রাবার পার্টস এবং কাষ্ট আয়রণ বিভিন্ন পার্টস উল্লেখযোগ্য। এছাড়া দেশে বিভিন্ন সাইজের টায়ার টিউব ও প্রস্তুত হচ্ছে।

বর্তমানে বেশ কিছু গাড়ী নির্মানকারী প্রতিষ্ঠান গাড়ী সংযোজনের কাজ বাংলাদেশে করছে। আগামী দিনে এসব প্রতিষ্ঠান গাড়ী নির্মানের কাজ শুরু করলে প্রচুর স্থানীয় ভাবে প্রস্তুত কৃত মোটর পার্টস ও টায়ার টিউবের চাহিদা বৃদ্ধি পাবে। এজন্য শুধু আমদানীর উপর নির্ভর না করে এ সেক্টরটি উৎপাদন মুখি হলে দেশ ও ব্যবসায়ী উভয় লাভবান হবে।

এদেশের বিভিন্ন জেলা, শহর, উপজেলা সহ বিভিন্ন প্রান্তে মোটর পার্টস ও টায়ার টিউব এব ব্যবসা প্রতিষ্ঠান আছে। এসব প্রতিষ্ঠানে প্রচুর সংখ্যক জনবল নিয়োজিত আছে। তাছাড়া আমদানী নির্ভর ব্যবসা হওয়ায় সরকার এ সেক্টর থেকে প্রচুর পরিমান আমদানী শুল্ক, ভ্যাট এবং আয়কর সংগ্রহ করে থাকে-যা দেশের অর্থনৈতিক উন্নয়নে সহয়তা করছে। বর্তমানে বৈদেশিক মুদ্রা সংকট এবং বৈদেশিক মুদ্রার দর বৃদ্ধির ফলে এ ব্যবসা বিভিন্ন সমস্যার সম্মুক্ষীন হচ্ছে। ব্যাংকের বৈদেশিক মুদ্রার স্বল্পতা থাকায় ব্যবসায়ীরা একদিকে যেমন এল সি খুলতে পারছেন না অন্যদিকে বৈদেশিক মুদ্রার দাম বৃদ্ধি পাওয়ায় আমদানী কৃত পণ্যের দাম বৃদ্ধি পাচ্ছে। এ সমস্য থেকে মুক্তির জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করতে হবে। আমদানী নির্ভরতা কমিয়ে এনে ছোট ছোট শিল্প স্থাপনের মাধ্যমে এ সেক্টারটি সমৃদ্ধ করতে হবে। দীর্ঘদিন ধরে যারা এ ব্যবসায়ে জড়িত আছে তাদের পণ্যের গুনগত মান ও বিশ্ব বাজারের দাম সম্পর্কে ধারনা আছে। এসব ব্যবসায়ীদের শিল্প স্থাপনের অবকাঠামোগত উন্নয়ন করে যদি শিল্প বিপ্লব ঘটানো যায় তবে এ ব্যবসার পরিধি আরো বৃদ্ধি পাবে।

বিশ্বের বিভিন্ন দেশে বর্তমানে পরিবহন জগতে আসছে এক বিরাট পরিবর্তন। হাইব্রিড সহ বিদ্যুৎ চালিত গাড়ীর চাহিদা ক্রমে বেড়ে চলেছে। ফলে আগামী দিনে এসব নতুন প্রযুক্তির গাড়ীর যন্ত্রাংশের চাহিদা ক্রমেই বৃদ্ধি পাবে। আমাদের দেশে এর প্রভাব পরবে যা এ ব্যবসার জন্য একটি নতুন চ্যালেঞ্জ। আগামী দিনে মোটর পার্টস ব্যবসায়ীগণ এ চ্যালেঞ্জকে সামনে নিয়ে এগিয়ে যাবেন বলে আমাদের প্রত্যাশা।